**Series SOS**

**Code No. 5**

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- Please check that this question paper contains **7** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **13** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

# BENGALI

# বাংলা

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 100*

*সময় : 3 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক : 100*

## SECTION A

**1.** ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন *একটির পাঁচটি* উদাহরণ সহ সংজ্ঞা লেখ । *5+5=10*

(ক) অপিনিহিতি

(খ) অভিশ্রুতি

(গ) স্বরভক্তি

2. যে কোন *দুটি* অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ। 5+5=10

(ক) শ্লেষ

(খ) উপমা

(গ) যমক

অথবা

অলঙ্কার নির্ণয় কর। (সংজ্ঞা সহ *দুটি*)

(ক) আটপণে আধসের কিনিয়াছি চিনি।
অন্যলোকে ভূরা দেয় ভাগ্যে আমি চিনি ॥

(খ) বিদ্যুৎ-ঝলা সম চক্‌মকি
উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে।

(গ) নামে সন্ধ্যা তন্দ্রালসা সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।

(ঘ) কুকথায় পঞ্চমুখ কন্ঠভরা বিষ।
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ ॥

(ঙ) কুলায় কাঁপিছে কাতর কপোত।

3. যে কোন *পাঁচটি* বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা কর। 10

ইচঁড়ে পাকা, অন্ধের যষ্টি, চোখে সর্ষে ফুল দেখা, কড়ায় গন্ডায়, খাল কেটে কুমীর আনা, অহিনকুল সম্পর্ক, আকাশ থেকে পড়া, ডুবে ডুবে জল খাওয়া।

## SECTION B

4. শিরোনাম দিয়ে অনুচ্ছেদটির সারাংশ লেখ। *2+8=10*

ঘরের কোণ ছেড়ে আমাদের এখন বিশ্বের মধ্যে বেরিয়ে পড়তে হবে — নিজেদের দেশটাকে প্রত্যক্ষভাবে ভালো করে দেখতে হবে; তার পর দেশের সীমানা ছাড়িয়ে দেশান্তরে ভ্রমণ করতে হবে এবং অজানা অপরিচিত দেশ আবিষ্কার করতে হবে। যে-জাতি এরূপ করতে পারে তার শারীরিক বল, সাহস, চরিত্রবল, জ্ঞান ও অভিজ্ঞতা বৃদ্ধি পায় এবং সঙ্গে সঙ্গে বানিজ্য বিস্তার ও সাম্রাজ্য প্রতিষ্ঠা হয়ে থাকে। ব্রিটিশ জাতি যে আজ এত উন্নত এবং তারা যে আজ এত বড়ো সাম্রাজ্য গড়ে তুলতে পেরেছে, তাদের প্রবল ভ্রমণেচ্ছা তার অন্যতম কারণ। সাম্রাজ্য প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা আমরা পোষণ না করলেও দেশে-বিদেশে ঘুরলে আমাদের হৃদয়টা যে বড়ো হবে, জ্ঞান ও অভিজ্ঞতা যে বেড়ে যাবে, আত্মবিশ্বাস যে বলবান হবে, বুদ্ধিবৃত্তি যে বিকাশ লাভ করবে – এ বিষয়ে কি কোনো সন্দেহ আছে ? তবে ভূপর্যটন থেকে ষোলো আনা লাভ গ্রহণ কর'তে হ'লে প্রভূত ধনশালী আধুনিক আমেরিকান ভূপর্যটকদের মতো না বেড়িয়ে যতদূর সম্ভব কষ্ট স্বীকার করে পায়ে হেঁটে, ঘোড়ায় চেপে, সাইকেলে চড়ে বেড়াতে হবে।

## SECTION C

5. তোমার একটি ভ্রমণের অভিজ্ঞতার বিবরণ দিয়ে বন্ধুকে চিঠি লেখ। *4+6=10*

অথবা

তোমার জীবনে মা ও বাবার অবদানের উল্লেখ করে কৃতজ্ঞতা প্রকাশ করে মাকে একটি চিঠি লেখ।

## SECTION D

### গদ্যাংশ

6. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : 5

পাখিটা দিনে দিনে ভদ্র-দস্তুর মত আধমরা হইয়া আসিল ।

অথবা

এই যে অন্তরে অন্তরে 'ফাউ' আদান-প্রদানটুকু, ইহাতেই বিশেষ আনন্দ, এবং এইটুকুর জন্যই আমাদের মধ্যে আর্থিক সম্বন্ধে হীনতা সহজে দেখা যাইত না ।

7. "এ রাজ্যে পাখিদের কেবল যে আক্কেল নাই তা নয়, কৃতজ্ঞতাও নাই ।" *2+2+2+3=9*

(ক) কোন্ রচনা এবং কার লেখা থেকে নেওয়া হয়েছে ?

(খ) এ উক্তি কাদের ?

(গ) কি কারণে এ মন্তব্য করা হয়েছে ?

(ঘ) 'পাখি' বলতে লেখক কাদের কথা বলেছেন তা নিজের ভাষায় বোঝাও ।

অথবা

"কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই ।"

(ক) কার লেখা এবং কোন্ রচনার অন্তর্গত ?

(খ) কে কাকে বলেছে ?

(গ) কথাটির আক্ষরিক অর্থ কী ?

(ঘ) এই উক্তির মধ্য দিয়ে লেখক আসলে কী বলতে চেয়েছেন ?

8. এইরূপে আমাদের প্রত্যেকের কোন শুভানুষ্ঠানের মধ্যে অলক্ষিতে এই এতগুলি লোকের শুভকামনা কার্য্য করিত, এবং ইহাতেই আমাদের সামান্য ক্রিয়াকর্ম্মও বৃহৎ উৎসবে পরিণত হইত। 2+4=6

(ক) রচনাংশটির লেখক কে ?

(খ) এতগুলি লোকের শুভকামনা বলতে লেখক কাদের কথা বলেছেন ?

অথবা

"ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ?"

(ক) রচনাটির লেখক কে ?

(খ) লেখকের মূল বক্তব্য কী ?

পদ্যাংশ

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। 5

বিপুল জনতা চলে
নানা পথে নানা দলে দলে
যুগযুগান্তর হতে মানুষের নিত্য প্রয়োজনে
জীবনে মরণে

অথবা

মাৎসর্য্য-বিষদশন কামড়ে রে অনুক্ষণ
এই কি লভিলি লাভ, অনাহারে, অনিদ্রায় ?

8. এইরূপে আমাদের প্রত্যেকের কোন শুভানুষ্ঠানের মধ্যে অলক্ষিতে এই এতগুলি লোকের শুভকামনা কার্য্য করিত, এবং ইহাতেই আমাদের সামান্য ক্রিয়াকর্ম্মও বৃহৎ উৎসবে পরিণত হইত। *2+4=6*

(ক) রচনাংশটির লেখক কে ?

(খ) এতগুলি লোকের শুভকামনা বলতে লেখক কাদের কথা বলেছেন ?

**অথবা**

"ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ?"

(ক) রচনাটির লেখক কে ?

(খ) লেখকের মূল বক্তব্য কী ?

## পদ্যাংশ

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। *5*

বিপুল জনতা চলে
নানা পথে নানা দলে দলে
যুগযুগান্তর হতে মানুষের নিত্য প্রয়োজনে
জীবনে মরণে

**অথবা**

মাৎসর্য্য-বিষদশন কামড়ে রে অনুক্ষণ
এই কি লভিলি লাভ, অনাহারে, অনিদ্রায় ?

10. অঙ্গ-বঙ্গ-কলিঙ্গের সমুদ্র-নদীর ঘাটে ঘাটে
পঞ্জাবে, বোম্বাই গুজরাটে ।

*1+2+3=6*

(ক) কোন্ কবিতার অংশ ?

(খ) 'অঙ্গ'-'বঙ্গ'-'কলিঙ্গ' – কোন্ কোন্ রাজ্য ?

(গ) এই সব অঞ্চলে 'কারা' চিরকাল কি করে ?

অথবা

'আঠারো বছর বয়স' কীসের প্রতীক ? কবি আঠারো বছর বয়সকে কেন এদেশের বুকে নেমে আসতে বলেছেন ?

11. আঠারো বছর বয়স কী দুঃসহ
স্পর্ধায় নেয় মাথা তুলবার ঝুঁকি,

কবি আঠারো বছর বয়সকে 'দুঃসহ' কেন বলেছেন ? 'মাথা তুলবার ঝুঁকি'র অর্থ কী ? *4*

অথবা

'আত্মবিলাপ' কবিতটি অবলম্বনে কবির বিলাপের কারণগুলি লেখ ।

12. "কিন্তু আজ দেখিলাম, অসম্ভব । হঠাৎ বঙ্কুর মা অভ্রভেদী হিমাচলের প্রায় পথ রুদ্ধ করিয়া রাজলক্ষ্মী ও আমার মাঝখানে আসিয়া দাঁড়াইয়াছে ।"

*2+3+5=10*

(ক) বঙ্কু কে ?

(খ) 'অভ্রভেদী হিমাচল' কথাটির অর্থ কী ?

(গ) বঙ্কু কীভাবে রাজলক্ষ্মী ও শ্রীকান্তের মাঝখানে এসে দাঁড়িয়েছে ?

অথবা

"আমাকে কাপুরুষ ! ঝপাৎ করিয়া দাঁড় জলে ফেলিয়া প্রাণপণে টান দিলাম।"

(ক) কার উক্তি ?

(খ) কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে ?

(গ) এই উক্তির তাৎপর্য বিস্তৃত ভাবে লেখ।

**13.** টীকা লেখ। (যে কোনও *একটি*) *5*

(ক) ইন্দ্রনাথ

(খ) গৌরী তেওয়ারীর কন্যা

(গ) নতুন দা

(ঘ) অন্নদাদিদি